

এআইইউবির সুমার্তনে রাষ্ট্রপতি

## গ্রামের মেধাবী ছাত্রদের জন্য বৃত্তিসহ ভর্তির সুযোগ দিন

রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ দেশের পত্নী অঞ্চলের বিরল মেধাবী ছাত্ররা যাতে জাতির সম্পদে পরিণত হতে পারে, সেজন্য পর্যাপ্ত বৃত্তিসহ তাদের ভর্তির সুযোগ সৃষ্টি করতে বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের প্রতি আহ্বান জানিয়েছেন।

তিনি গতকাল আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অফ বাংলাদেশ (এআইইউবি)-এর তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ আহ্বান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এআইইউবির ডাইস চ্যাপেলর কারমেন জেড লামানগা বাসস।

রাষ্ট্রপতি আইইউবির বিভিন্ন বিভাগের নতুন স্নাতকদের সনদ প্রদান করেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক এমপি, অস্ট্রেলিয়ার হাইকমিশনার লরেন বার্কায়, এআইইউবির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ড. আনোয়ারুল আবেদিন এবং বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক বিষয়ক পরিচালক ইশতিয়াক আবেদিন।

রাষ্ট্রপতি বলেন, ৯০-এর দশকে বাংলাদেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্থাপন শুরু হয়। তিনি বলেন, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বিপত্ন্য শাসনামলে উচ্চতর শিক্ষার জন্য ছাত্রদের ক্রমবর্ধমান চাহিদার পরিপ্রেক্ষিতে বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়। তিনি বলেন, এ উদ্যোগ উচ্চ শিক্ষার্থে বিদেশ গমন এবং বৈদেশিক মুদ্রার অপ্রয়োজনীয় ব্যয় বন্ধ করতে সাহায্য করেছে।

ছাত্ররা যাতে জাতির প্রত্যাশা পূরণ করতে পারে, সেজন্য ● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৪

### গ্রামের মেধাবী ছাত্রদের জন্য

● শেষের পাতায় পর তাদের মানসম্পন্ন শিক্ষা প্রদানের জন্য রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, সমাজের সর্বস্তরে এ ধরনের সুযোগ প্রদানের মাধ্যমে দেশের অর্থনীতির যৌক্তিক ও সামাজিক শৃঙ্খলা নির্মাণে আমরা বাংলাদেশ গড়ার প্রকৃত সোপান নির্মাণ করতে পারি।

রাষ্ট্রপতি ইয়াজউদ্দিন আহমেদ বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে বাজারমুখী বিষয়সহ বিজ্ঞান ও প্রযুক্তি এবং সনাজবিজ্ঞানের ওপর আরো বিষয় চালু করা উচিত। এতে ছাত্রেরা সুখম শিক্ষার মাধ্যমে তাদের গড়ে তুলতে পারবে।

তিনি বলেন, আমাদের সোনালী ঐতিহ্যের গৌরবময় অতীত রক্তদের জানতে হবে। তারা ঐতিহ্য ও সামাজিক মূল্যবোধ থেকে বিচ্ছিন্ন থাকতে পারে না।

ড. ওসমান ফারুক বলেন, বেসরকারি ও সরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি স্নাতক পরীবেশে ছাত্রদের ক্রমবর্ধমান চাহিদা পূরণ করবে।

\* ঢাকার অস্ট্রেলীয় হাইকমিশনার লরেন বার্কায় বলেন, শিক্ষা দেশের আর্থসামাজিক উন্নয়নের সঙ্গে সরাসরি জড়িত।

এআইইউবির ডাইস চ্যাপেলর কারমেন জেড লামানগ নতুন স্নাতকদের প্রতি মানব কল্যাণের জন্য তাদের জ্ঞান সর্বোচ্চ ব্যবহার করতে আহ্বান জানান।